

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ৭. নিজেদের হাতে নিজেদের মৃত্যু (اقتتال بالخطأ بين المسلمين)

খালেদ বিন ওয়ালীদের অতর্কিত হামলায় দিশেহারা মুসলিম বাহিনীর মধ্যে দু'ধরনের লোকের সৃষ্টি হয়। একদল কাফিরদের বেন্টনীর মধ্যে পড়ে জান বাঁচানোর জন্য পালিয়ে গিয়ে মদীনায় ঢুকে পড়ে এবং কেউ পাহাড়ের মাথায় উঠে পড়ে। অন্যদল শক্রসেনাদের মধ্যে মিশে যায়। এ বিষয়ে মা আয়েশা (রাঃ) বলেন, ওহোদ যুদ্ধের দিন মুশরিকরা পরাজিত হয়। এরপর ইবলীস ডাক দিয়ে বলে, وَعَادَ اللهِ أُخْرًاكُمْ (অর্থাৎ পিছন দিক থেকে আক্রমণ কর)'। তার কথায় সামনের সারির সৈন্যরা পিছন দিকে ফিরে আসে এবং পিছনের সারির সৈন্যদের সাথে যুদ্ধ শুরু হুরু হয়ে যায়। হুযায়ফা (রাঃ) দেখেন যে, তাঁর পিতা ইয়ামানের উপর আক্রমণ করা হচ্ছে। তিনি তখন বলে ওঠেন, اللهِ، أَبِي أَبِي

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৮৭-৮৮; বর্ণনাটির সনদ ছহীহ (তাহকীক ইবনু হিশাম ক্রমিক ১১৪৬); হাকেম হা/৪৯০৯, ৩/২০২ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5457

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন